REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:28-05–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CYCLONICO STORM :**

সামুদ্রিক ঘূর্ণিঝড় রেমাল দুর্বল হয়ে পরেছে । তবে এর প্রভাবে আজ ভর পর্যন্ত রাজ্যের বিভিন্ন স্থানে অনবরত বৃষ্টি হয় । সঙ্গে দমকা হাওয়াও ছিল। বৃষ্টি ও দমকা হাওয়ায় রাজ্যের স্বাভাবিক জনজীবন ব্যাহত হয় ।

আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়, রেমাল দুর্বল হয়ে বাংলাদেশ, ত্রিপুরা, মেঘালয় ও আসামের উপর অবস্থান করছে । এর প্রভাবে আজ দুপুর পর্যন্ত আকাশ সাধারণত মেঘলা থাকবে । বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টির সম্ভাবনা রয়েছে । সঙ্গে দমকা হাওয়াও বয়ে যেতে পারে । পরে ধীরে ধীরে স্বাভাবিক অবস্থা ফিরে আসবে বলে জানানো হয়। গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত আগরতলা ও তার আশেপাশে রেকর্ড পরিমান ২০৩.৯ মিলিমিটার বৃষ্টি হয়েছে বলে জানানো হয় । আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.১ ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকছি ।

অনবরত বৃষ্টিতে আগরতলার বহু নিচু এলাকায় জল জমেছে । আগরতলার বুদ্ধ মন্দিরের কাছে রাস্তায় একটি গাছ ভেঙ্গে পড়ায় যান চলাচল সাময়িক ব্যাহত হয় । বহু জায়গায় বিদ্যুত পরিসেবা ব্যাহত হয়েছে ।

অনবরত বৃষ্টিতে আগরতলার কাছে হাওড়া নদীর জলস্তর বেড়েছে । রাজ্য পুলিশ সুত্রে জানা গেছে, আজ সকাল সাতটায় বটতলা এলাকায় হাওড়া নদীর জল বিপদসীমার কাছাকছি ৯.২৮ মিটার দিয়ে বয়ে যায় । এখানে বিপদসীমা ১০ মিটার।

***************************

**Remal-Bangladesh :**

ঘূর্ণিঝড় রেমালের তান্ডবে বাংলাদেশের উপকূল অঞ্চলে জলোচ্ছ্বাস ও ব্যাপক ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া গেছে। বিস্তীর্ণ অঞ্চলে এখনো ঝড়ো হওয়া ও ভারী বৃষ্টিপাত চলছে। বাংলাদেশের পটুয়াখালী, ভোলা, সাতক্ষীরা, চট্টগ্রাম বরিশালে প্রাণহানির খবর রয়েছে ।

*******************

**Campaign :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ পর্বের প্রচার এখন তুঙ্গে। এনডিএ, মহাজোট এবং অন্যান্য দলের নেতারা বিভিন্ন স্থানে সভা সমাবেশে অংশ নিচ্ছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল উত্তরপ্রদেশের কুশিনগর, সালেমপুর এবং চান্দৌলি সংসদীয় এলাকায় জনসভায় ভাষণ দেন। বিজেপির জাতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা গতকাল বারাণসীতে বিভিন্ন কর্মসূচিতে সাধারণ নাগরিক, তাঁতি, কারিগর সহ, বিভিন্ন শ্রেণীর ভোটারদের সঙ্গে মতবিনিময় করেন। বর্ষীয়ান বিজেপি নেতা এবং মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ড. মোহন যাদব পাটনার মানেরে, পাটলিপুত্র সংসদীয় আসনের বিজেপি মনোনীত প্রার্থীর সমর্থনে জনসভায় ভাষণ দেন। নালন্দা সংসদীয় আসনে নির্বাচনী জনসভা করেন জেডি (ইউ) সভাপতি ও মুখ্যমন্ত্রী নীতীশ কুমার।

কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী গতকাল হিমাচল প্রদেশের চাম্বা ও শাহপুরে জনসভায় ভাষণ দেন। প্রাক্তন কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী গতকাল পাটনা সাহেব ও পাটলিপুত্র নির্বাচনী এলাকায় খুসরুপুর এবং মানেরে জনসভা করেন।

আরজেডি নেতা তেজস্বী প্রসাদ যাদব জেহানাবাদ, পাটলিপুত্র এবং আরাহ নির্বাচনী এলাকায় আরজেডি এবং সিপিআই-এমএল প্রার্থীদের সমর্থনে জনসভায় ভাষণ দেন।

***********************

**ELECTION COMMISSION :**

ভোট গ্রহনের পর দিল্লিতে স্ট্রং রুমগুলোতে কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । গত ২৫ শে মে দিল্লিতে ৭ টি কেন্দ্রে ভোট নেওয়া হয় । দিল্লির মুখ্য নির্বাচনী আধিকারিক পি কৃষ্ণমূর্তি গতকাল জানিয়েছেন, নিরাপত্তা প্রোটোকল অনুযায়ী এই স্ট্রং রুমগুলোতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। কেন্দ্রীয় সশস্ত্র আধাসামরিক বাহিনী স্ট্রং রুমের নিরাপত্তার দায়িত্বে মোতায়েন করা হয়েছে আর দিল্লি পুলিশ স্ট্রং রুমের বাইরে পাহাড়া দিচ্ছে। এদিকে, স্ট্রং রুম ও করিডোরের সিল করা দরজাগুলো সিসি টিভি ক্যামেরার মাধ্যমে নজরদারি করা হচ্ছে ।

*******************

**All party Meeting-Sepahijala :**

সিপাহীজলা জেলায় লোকসভা নির্বাচনের ভোট গণনাকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে গতকাল জেলাশাসক নাগেশ কুমার বি-র পৌরহিত্যে এক সর্ব দলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বি.জে.পি, কংগ্রেস, সি.পি.আই.এম তিপ্রা মথা দলের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। তাছাড়া সিপাহীজলা জেলার দুই অতিরিক্ত জেলাশাসক ও সহকারী রিটার্নিং অফিসারগণ উপস্থিত ছিলেন। অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার জানিয়েছেন, সিপাহীজলা জেলার ৩টি স্থানে ৭টি গণনা কেন্দ্রে ৭টি বিধানসভা কেন্দ্রের ভোট গণনা হবে।

*********************

**CM VISIT STATE AUYRVEDIK HOSPITAL :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার স্টেট আয়ুর্বেদিক হাসপাতাল পরিদর্শন করেন। এই হাসপাতালে চিকিৎসা পরিষেবায় যে সমস্ত সমস্যা রয়েছে, সে সম্পর্কে মুখ্যমন্ত্রী অবহিত হন। তিনি কর্তব্যরত চিকিৎসকদের সঙ্গেও কথা বলেন।

***********************

**Dipak Majumder :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার গতকাল বৃষ্টির জল নিষ্কাশনের কাজে ব্যবহৃত আগরতলা পুর নিগমের কয়েকটি জলের পাম্প পরিদর্শন করেন। শ্রী মজুমদার বলেন, জল নিষ্কাশনের জন্য আগরতলা পুর নিগমের ১৬টি অত্যাধুনিক পাম্প মেশিন রয়েছে। তাছাড়া, ঘূর্ণিঝড় রেমাল সংক্রান্ত দুর্যোগ মোকাবিলায় আগরতলা পুর নিগমের সবরকম ব্যবস্থা রয়েছে বলেও তিনি জানান। পরিদর্শনকালে আগরতলা পুর নিগমের ইঞ্জিনিয়ার এবং পাম্প মেশিন পরিচালনা করার জন্য যুক্ত কর্মীদের সঙ্গে কথা বলে প্রস্তুতি সম্পর্কে অবগত হন তিনি।

**********************

**DM Visit :**

পশ্চিম ত্রিপুরার জেলা শাসক ডঃ বিশাল কুমার গতকাল জেলার অন্তর্গত জলমগ্ন নিচু এলাকাগুলি পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন এসডি আরএফ-এর কর্মীরা। পরিদর্শনকালে ডঃ কুমার জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তাছাড়া সমস্ত নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে জেলা প্রশাসন রাজ্য এবং কেন্দ্রীয় সংস্থাগুলির সাথে সমন্বয় করে কাজ করছে বলে তিনি জানান।

*********************

*******************